রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২৯, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ: ২৭ আশ্বিন, ১৪৩৩/১২ অক্টোবর, ২০২৬

নং ০৩.০০.০০০০.০০০.০৭৮.০৬.০০১৮.২৬-৭৭—খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর অধ্যাপক ড. মো. খালেকুজ্জামান কর্তৃক উদ্ভাবিত হাইড্রোথার্মাল লিকুইফ্যাকশন **(Hydrothermal Liquefaction**. HTL) প্রযুক্তির মাধ্যমে জৈব বর্জ্য থেকে ব্যবহারযোগ্য জ্বালানিতে রূপান্তরের সম্ভাবনা সম্পর্কে পরবর্তী করণীয় নির্ধারণের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

(ক) কমিটি গঠন:

(১)	ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর, উপদেষ্টা (মন্ত্রী পদমর্যাদা), অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়	:	সভাপতি
(২)	জনাব অনিন্দ্য ইসলাম অমিত, প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়	:	সদস্য
(৩)	জনাব রেহান আসিফ আসাদ, উপদেষ্টা (প্রতিমন্ত্রী পদমর্যাদা), ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	:	সদস্য
(৪)	সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	:	সদস্য
(৫)	অধ্যাপক ড. আব্দুল্লাহ-আল-মামুন, সদস্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	:	সদস্য
(৬)	চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন	:	সদস্য
(৭)	অধ্যাপক ড. মো. খালেকুজ্জামান, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	:	সদস্য
(৮)	প্রধানমন্ত্রীর প্রোটোকল অফিসার-০১ প্রধানমন্ত্রীর কার্যালয়	:	সদস্য সচিব

মূল্য : টাকা ৪.০০

(খ) কমিটির কার্যপরিধিঃ

১। কমিটি উক্ত HTL প্রযুক্তির গবেষণার ফলাফল এবং প্রস্তাবিত পাইলট প্রকল্পের কারিগরি, অর্থনৈতিক ও পরিবেশগত সম্ভাব্যতা, ব্যয়, নিরাপত্তা ও জ্বালানির গুণমান মূল্যায়ন করবে।

২। কমিটি প্রয়োজনবোধে তথ্য সংগ্রহ ও সরেজমিন পরিদর্শনপূর্বক সরকারি সহায়তা, অর্থায়ন এবং পরবর্তী বাণিজ্যিক সম্প্রসারণের বিষয়ে সুপারিশ প্রণয়ন করবে।

৩। কমিটি সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ সদস্য কো-অপ্ট করতে এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান ও বেসরকারি খাতের প্রতিনিধিকে সভায় আমন্ত্রণ জানাতে পারবে।

৪। কমিটি প্রতি মাসে কার্যক্রমের অগ্রগতি ও সুপারিশ প্রধানমন্ত্রীর কার্যালয়ে দাখিল করবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

দেওয়ান মওদুদ আহমেদ
পরিচালক-১১ (প্রতিকল্প)।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd